

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
সিআর-৩ শাখা  
[www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)


নং- ০৫.০০.০০০০.১০২.৯৯.০০২.১৩-৮৫

তারিখঃ ১৫ কার্তিক, ১৪২৯  
৩১ অক্টোবর, ২০২২

বিষয়: সংশ্লিষ্ট নয় এমন পত্রাদি সিআর অধিশাখায় না প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সিআর অধিশাখায় প্রশাসন ক্যাডার এবং অন্যান্য ক্যাডার হতে আগত উপসচিব ও তদূর্ধ্ব কর্মকর্তা এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন নন-ক্যাডার ৯ম গ্রেড ও তদূর্ধ্ব কর্মকর্তাদের গোপনীয় অনুবেদন সংরক্ষণ ও ব্যবস্থাপনা করা হয়। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, বিভাগীয় পর্যায়ে মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত তথ্য, বিভাগীয় কমিশনার এর কার্যালয়ে কর্মকর্তাগণের যোগদান পত্র এবং জেলা ও উপজেলায় কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারভুক্ত কর্মকর্তাগণের মাসিক বিবরণী নিয়মিত সিআর অধিশাখায় প্রেরণ করা হচ্ছে যা সিআর অধিশাখার কার্যাবলি সংশ্লিষ্ট নয়।

এমতাবস্থায়, সিআর অধিশাখার কার্যাবলি সংশ্লিষ্ট নয় এমন বিষয়ের চিঠিপত্র বা প্রতিবেদনসমূহ এ অধিশাখায় প্রেরণ না করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(মোঃ তোফাজ্জেল হোসেন)  
অতিরিক্ত সচিব  
ফোন-৫৫১০০৭৪৬

বিতরণ:

১. বিভাগীয় কমিশনার (সকল).....।
২. জেলা প্রশাসক (সকল).....।
৩. সিনিয়র সিস্টেমস এনালিস্ট, লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি:

- ১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), জনপ্রশাসন মন্ত্রণালয়।